



ওমান সফর শেষে পাকিস্তানে ফিরলেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ওমান সফর শেষ করে আবারও পাকিস্তানে ফিরেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। রোববার তিনি সরাসরি ইসলামাবাদে পৌঁছান, যেখানে তার এই সফরকে আঞ্চলিক কূটনৈতিক তৎপরতার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখা হচ্ছে।

জানা গেছে, যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য শান্তি আলোচনা এগিয়ে নিতে মধ্যস্থতাকারী হিসেবে পাকিস্তানের ভূমিকা জোরদার করতেই তার এই যাতায়াত। এর আগে শনিবার ইসলামাবাদে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ ও সেনাপ্রধান জেনারেল আসিম মুনিরের সঙ্গে বৈঠক করেন তিনি।

পরে স্বল্প সময়ের জন্য ওমান সফরে গিয়ে দেশটির সুলতান হাইখাম বিন তারিক আল সাঈদের সঙ্গে আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন আরাঘচি। ওই বৈঠকে চলমান উত্তেজনা ও সম্ভাব্য সমাধানের পথ নিয়ে কথা হয়।

আন্তর্জাতিক গণমাধ্যমের তথ্য অনুযায়ী, সোমবার আবারও পাকিস্তানের শীর্ষ নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসবেন ইরানের এই কূটনৈতিক। সেখানে যুদ্ধবিরতি এবং সম্ভাব্য শান্তি আলোচনার কাঠামো নিয়ে ইরানের অবস্থান তুলে ধরার কথা রয়েছে। এরপর তার রাশিয়া সফরে যাওয়ার পরিকল্পনাও রয়েছে।